

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
কারা অধিদপ্তর  
৩০/৩ উমেশ দত্ত রোড, বকশিবাজার, ঢাকা-১২১১  
[www.prison.gov.bd](http://www.prison.gov.bd)

পত্র নং-৫৮.০৪.০০০০.০২২.০১.০০৬.২০২০-২৫৬ (১৭০)

তারিখ: ২৩ বৈশাখ ১৪২৭  
০৬ মে ২০২০

**বিষয়: কারাবন্দিদের করোনাভাইরাস সংক্রমণ রোধকল্পে কারাগারে প্রেষণে কর্মরত ও সংযুক্তকৃত ডাক্তারগণের কারাগার ব্যতীত অন্যত্র চিকিৎসা সেবা প্রদান বন্ধে সহযোগিতা প্রসঙ্গে**

আপনার সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জানানো যাচ্ছে যে, কারাগারে প্রেষণে কর্মরত ও সংযুক্তকৃত ডাক্তারগণ বিভিন্ন সময়ে কারাগারের পাশাপাশি অন্যত্রও চিকিৎসা সেবা প্রদান করছেন মর্মে জানা যায়। করোনা ভাইরাসের এহেন আপৎকালীন সময়ে কারাগারের বাহিরে গমনাগমন করে অন্যত্র চিকিৎসা প্রদান করা হলে কারাভ্যন্তরে তথা কারাবন্দিদের মাঝে করোনা ভাইরাস দ্রুত বিস্তার লাভ করার ঝুঁকি সৃষ্টি হচ্ছে। স্পর্শকাতর কারাগারে করোনা সংক্রমিত হলে কারা বন্দিদের মধ্যে ভীতি, অস্থিরতা ও ফ্লোভ সঞ্চার হয়ে নানাবিধ নিরাপত্তাগত ও প্রশাসনিক জটিলতা সৃষ্টি হতে পারে। বিষয়টির যথাযথ গুরুত্ব বিবেচনায় সরকারি নির্দেশনা মোতাবেক ইতিমধ্যেই বন্দিদের বিজ্ঞ আদালতে গমনাগমন এমনকি দেখা-সাক্ষাত সম্পূর্ণ বন্ধ রয়েছে। বন্দিদের সাক্ষাতের বিকল্প ব্যবস্থা হিসাবে তাদের জন্য জরুরি মোবাইল ফোন সুবিধা চালু করা হয়েছে। তাছাড়া, ঝুঁকি এড়াতে বন্দিদের একান্ত জরুরি চিকিৎসা প্রয়োজন ব্যতীত সকল বন্দির সদর হাসপাতালে গমনাগমন পর্যন্তও বন্ধ রাখা হয়েছে। জনঘনত্বপূর্ণ কারাগারের অভ্যন্তরে থেকেই বন্দিদের চিকিৎসা সেবা প্রাপ্তির প্রয়োজনীয়তা সাধারণ সময়ের চেয়ে বর্তমানে বরং আরো বৃদ্ধি পেয়েছে।

অতএব, কারাভ্যন্তরে করোনাভাইরাসের সংক্রমণ রোধকল্পে কারাগারে প্রেষণে কর্মরত ও সংযুক্তকৃত ডাক্তারগণ যেন কারাগার ব্যতীত অন্য কোথাও চিকিৎসা সেবা প্রদান না করেন সে বিষয়ে তাদেরকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদানসহ এ ব্যাপারে আপনার সার্বিক সহযোগিতা করার জন্য অনুরোধ করা হলো।



মোহাম্মদ তৌহিদুল ইসলাম  
কারা উপ-মহাপরিদর্শক (সদর দপ্তর, অঃ দাঃ)  
পক্ষে-কারা মহাপরিদর্শক  
ফোনঃ ৫৭৩০০৪০০ (দপ্তর)  
[dighq@prison.gov.bd](mailto:dighq@prison.gov.bd)

সিভিল সার্জন  
সকল জেলা।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে (ই-মেইল যোগে):

১. সচিব, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা, দৃ: আ: অতি: সচিব, কারা।
২. কারা উপ-মহাপরিদর্শক, সকল বিভাগ।
৩. সিনিয়র জেল সুপার/জেল সুপার সকল কেন্দ্রীয়/জেলা কারাগার।(বিবেচ্যপত্রটি স্বঃ স্বঃ সিভিল সার্জনের দপ্তরে প্রেরণের অনুরোধসহ)।
৪. সহকারী কারা মহাপরিদর্শক (সকল), কারাঅধিদপ্তর, ঢাকা।
৫. প্রশাসনিক কর্মকর্তা-১/২/বাজেটঅফিসার/স্টাফঅফিসার/পরিসংখ্যানবিদ কারা অধিদপ্তর, ঢাকা।
৬. পরিচালক ইনচার্জ, কারা প্রশিক্ষণ ইনস্টিটিউট, কারা অধিদপ্তর, ঢাকা।
৭. ভারপ্রাপ্ত কর্মকর্তা, প্রিজন্স ইন্টেলিজেন্স ইউনিট, কারা অধিদপ্তর, ঢাকা।
৮. ভারপ্রাপ্ত কর্মকর্তা, আইসিটিসেল, কারাঅধিদপ্তর, ঢাকা। (বিবেচ্যপত্রটি কারা অধিদপ্তরের নিজস্ব ওয়েব সাইটে আপলোড করার জন্য অনুরোধ করা হলো।)
৯. শাখা প্রধান, সকল শাখা, কারাঅধিদপ্তর, ঢাকা।
১০. কারা মহাপরিদর্শক/অতিরিক্ত কারা মহাপরিদর্শক/কারা উপ মহাপরিদর্শক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, কারা অধিদপ্তর, ঢাকা।
১১. গার্ড ফাইল।